গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ২৩-০২-২০১৬ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ২৯-১২-২০১৫ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন করার বিষয়ে আলোচনা হয়। বিদ্যুৎ বিভাগ হতে সরবরাহকৃত কন্ট্রোল রুম পরিচালনার নীতিমালার আলোকে কেন্দ্রীয় কন্ট্রোল রুম খোলার বিষয়ে আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণ জানান যে, তাদের প্রধান কার্যালয়ে কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে এবং তা যথাযথভাবে কাজ করছে। সভাপতি কন্ট্রোল রুমকে বিভিন্ন স্লোগান সমেত ব্যানার, স্টীকার ইত্যাদি দিয়ে সাজাতে পরামর্শ দেন এবং আগামী ৭ দিনের মধ্যে স্ব-স্ব কন্ট্রোল রুমের জনবলের তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করেন। দপ্তর/সংস্থা/কোম্পানির স্থাপনকৃত কন্ট্রোল রুমে মাসে কতটি অভিযোগ এসেছে এবং কতটি অভিযোগ নিস্পত্তি হয়েছে তার তালিকা প্রতি মাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। বিদ্যুৎ বিভাগ হতে সরবরাহকৃত কন্ট্রোল রুম পরিচালনার নীতিমালার উন্নয়নের জন্য সুচিন্তিত কোন পরামর্শ থাকলে তা বিদ্যুৎ বিভাগকে অবহিত করার জন্যও অনুরোধ করা হয়। বিদ্যুৎ বিভাগের কন্ট্রোল রুমের কার্যক্রমকে আরো সহজীকরণ করার লক্ষ্যে অটোহান্টিং সুবিধাসহ একটি সহজ নাম্বার পাবার বিষয়ে বিটিসিএল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ এর উপসচিব (প্রশাসন) এবং সহকারী সচিব (প্রশাসন-৩) কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত আহবান করার বিষয়ে আলোচনা হয়। সভায় প্রোগ্রামার জানান যে, জানুয়ারী, ২০১৬ মাসে ৫টি সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন কমিটির সভা করেছেন এবং এর কার্যবিবরণী ই-মেইলে এ বিভাগে প্রেরণ করেছেন। সকল সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী যথাসময়ে বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারের মেইল-এ প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের ICT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের মডিউল প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণ মডিউল অনুযায়ী কমপক্ষে ২০ জন করে একটি ব্যাচ তৈরী করা এবং অফিস সময়ের পরে ট্রেনিং ক্লাসের ব্যবস্থা করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রশিক্ষণ মডিউলটি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান থেকে কোর্স কারিকুলাম, প্রশিক্ষণের ব্যয়, সময় ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করে তা আগামী ১৫ দিনের মধ্যে প্রোগ্রামার সভাপতির নিকট উপস্থাপন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির বিষয়ে আলোচনা হয়। সভায় Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির হালনাগাদ তথ্য উপস্থাপন করা হয়। পবিবো জানায় তাদের সমিতি সমূহের জনবলের তথ্য এন্ট্রির কাজ শীঘ্রই শুরু হবে। আগামী ১৫ই মার্চের মধ্যে সকল

দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের জনবলের তথ্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা সৃষ্টির জন্য তাগিদ দেয়া হয়। এক্ষেত্রে উদ্ভাবনী ধারণা পাওয়ার লক্ষ্যে একটি ৬ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়। পিডিবি, স্রেডা, পাওয়ার সেল, পবিবোর প্রতিনিধি এবং বিদ্যুৎ বিভাগের উপসচিব (প্রশাসন) ও প্রোগ্রামার এর সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উদ্ভাবনী ধারণা সংগ্রহের নিমিত্ত একটি প্রতিযোগিতা পাওয়ার সেল আয়োজন করবে এবং উক্ত কমিটি পাওয়ার সেলকে সার্বিক সহযোগিতা করবে। সবচেয়ে ভাল আইডিয়াদাতাকে পুরস্কারের ব্যবস্থাও করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। Online Application for New Connection বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি অনলাইন সফটওয়্যারের মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ করছে। পবিবো প্রতিনিধি সভায় জানান যে, অনলাইন সফটওয়্যারের মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ করা হচ্ছে কিন্তু নিস্পত্তি করা যাচ্ছে না। এক্ষেত্রে সভাপতি ডেসকো এর সহায়তা নেয়ার জন্য পবিবোর প্রতিনিধিকে পরামর্শ দেন। নতুন সংযোগ আবেদনের ক্ষেত্রে ডেসকোর ব্যবহৃত সফটওয়্যার পবিবো বাস্তবায়ন করতে পারে এবং এর ফিডব্যাক বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন সংযোগের ক্ষেত্রে গ্রাহকগণ অনলাইন/এসএমএস এর মাধ্যমে যাতে সহজেই তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারে তার যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে তাগিদ দেয়া হয়। এক্ষেত্রে গ্রাহক কত দিনের মধ্যে সংযোগ পাবেন তার সম্ভাব্য তারিখ গ্রাহককে জানাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। e-GP Portal এর মাধ্যমে Tender Process করার বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে বর্তমানে সকল দপ্তর/সংস্থা/কোম্পানি e-GP Portal এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করছে। পাওয়ার সেল এবং স্রেডাকে e-GP Portal এ রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়।

০৯। বিদ্যুৎ বিভাগের KPI স্থাপনাসমূহে পর্যাপ্ত নিরাপত্তার স্বার্থে Closed Circuit Camera এবং IP Surveillance System বসানো এবং কার্যকর করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র সঠিকভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে সকলকে পরামর্শ দেয়া হয়। PGCB এর প্রতিনিধি জানান যে, HVDC স্থাপনার নিরাপত্তার বিষয়ে সেনাবাহিনীর জন্য ব্যারাক নির্মাণ কাজ চলমান আছে। নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম পিজিসিবিকে গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। প্রতিদিনের রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিদ্যুৎ বিভাগ ও পিডিবির ওয়েব পোর্টালে প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। বিদ্যুৎ বিভাগের ওয়েব পোর্টালে রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য প্রদর্শনের বিষয়ে এটুআই এর সহায়তায় আগামী ১৫ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজী সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে হোম পেজ বাংলায় রূপান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডিফল্ট পেজ হিসাবে বাংলা হোম পেজ রাখতে হবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রূপান্তর করার বিষয়ে পরামর্শ দেয়া হয়।

১২। সভায় বিদ্যুৎ বিভাগের আইসিটি খাতে সামগ্রিক উন্নয়নের নিমিত্ত একটি পুস্তিকা বের করা বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের উপসচিব (বাজেট) কে আহবায়ক করে সি.স.সচিব (সমন্বয়-২), সি.স.সচিব (প্রশাসন-২), প্রোগ্রামারের সমন্বয়ে একটি কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির আইসিটি খাতে কি কি অর্জন হয়েছে তার বিস্তারিত রাইটআপ আগামী ১০ দিনের মধ্যে এ বিভাগের প্রোগ্রামারের মেইলে প্রেরণের জন্য উপস্থিত সকল প্রতিনিধিকে অনুরোধ করা হয়।

১৩। প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের সেবা সহজিকরণ ও তা ই-সেবায় রুপান্তর করে জনগণের দৌরগড়ায় পৌছানো নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। কমপক্ষে একটি সেবা সহজিকরণ করে জনগণের নিকট দ্রুত বা সহজে পৌছানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) (১) প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে কন্ট্রোল রুম পরিচালনার নীতিমালার আলোকে গ্রাহক কন্ট্রোল রুম স্থাপন করবে যাতে গ্রাহক টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ও ক্ষুদে বার্তার মাধ্যমে বিদ্যুৎ বিষয়ক যেকোন অভিযোগ দাখিল করতে পারে। কন্ট্রোল রুম পরিচালনার নীতিমালার উন্নয়নে কোন সুচিন্তিত মতামত/পরামর্শ থাকলে তা বিদ্যুৎ বিভাগকে জানাতে হবে।

(২) স্ব-স্ব বিতরণ সংস্থা/কোম্পানিতে স্থাপনকৃত কন্ট্রোল রুমের জনবলের তথ্য আগামী ৭ দিনের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

(৩) কন্ট্রোল রুমে মাসে কতটি অভিযোগ গ্রহণ করা হচ্ছে ও কতটি অভিযোগ নিস্পত্তি করা হচ্ছে তার তথ্য প্রতিমাসে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল বিতরণ সংস্থা/কোম্পানি।

(খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত ও যথাসময়ে আহবান করতে হবে। ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ২৪ ঘন্টার মধ্যে এ বিভাগের প্রোগ্রামারের ই- মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নঃ- প্রতিটি সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের প্রধান।

(গ) দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণ মডিউলটি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান থেকে কোর্স কারিকুলাম, প্রশিক্ষণের ব্যয়, সময় ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করে তা আগামী ১৫ দিনের মধ্যে প্রোগ্রামার সভাপতির নিকট উপস্থাপন করবে।

বাস্তবায়নঃ- প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার।

(ঘ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সকল জনবলের তথ্য আগামী ১৫ই মার্চ, ২০১৬ তারিখের মধ্যে Unified PMIS এ এন্ট্রি শেষ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঙ) বিদ্যুৎ বিভাগের জন্য উদ্ভাবনী ধারণা পাবার লক্ষ্যে পাওয়ারসেল একটি প্রতিযোগিতার আয়োজন করবে। সবচেয়ে ভাল ধারণাদাতাকে পুরস্কার প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ পাওয়ার সেল।

(চ) সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানিকে অনলাইনে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিস্পত্তি করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ডেসকো'র ব্যবহৃত সফটওয়্যার পবিবো ব্যবহার করতে পারে। পবিবো গৃহীত পদক্ষেপ সম্পর্কে তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে গ্রাহককে সম্ভাব্য তারিখ জানাতে হবে।

বাস্তবায়নঃ- সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি।

(ছ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি যাতে e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাওয়ার সেল এবং স্রেডা কে e-GP Portal এ রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ- স্রেডা ও পাওয়ারসেল।

(জ) (১) KPI স্থাপনাসমূহের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে Closed Circuit Camera এবং IP Surveillance System স্থাপন বা কার্যকর রাখতে হবে। সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর তথ্য/চিত্র যথাযথভাবে সংরক্ষণ/রেকর্ডিং হচ্ছে কি না তা নিশ্চিত করতে হবে।

(২) PGCB এর অধীন HVDC KPI এ পর্যাপ্ত নিরাপত্তার লক্ষ্যে সেনাবাহিনীর জন্য ব্যারাক নির্মাণের কাজ দ্রুত শেষ করতে হবে এবং কাজের অগ্রগতি প্রতিবেদন আগামী ১ মাসের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নঃ-সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঝ) প্রতিদিনের রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিদ্যুৎ বিভাগের ওয়েব পোর্টালে প্রদর্শনের বিষয়ে এটুআই এর সহায়তায় আগামী ১৫ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নঃ- প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

(ঞ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজী সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশেষ করে হোম পেজ বাংলায় রুপান্তর করে সেটি ডিফল্ট পেজ হিসাবে রাখতে হবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রূপান্তর করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ট) বিদ্যুৎ খাতে আইসিটির অর্জন বিষয়ে পুস্তিকা প্রস্তুতের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের উপসচিব (বাজেট) কে আহবায়ক করে ৪/৫ সদস্যের একটি কমিটি গঠন করতে হবে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানির আইসিটি খাতে কি কি অর্জন হয়েছে তার বিস্তারিত রাইটআপ আগামী ১০ দিনের মধ্যে প্রোগ্রামারের মেইলে প্রেরণ করবেন।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঠ) প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানি কমপক্ষে তাদের একটি সেবা সহজিকরণ করবে এবং তা ই-সেবাই রুপান্তর করে জনগণের নিকট সার্ভিস প্রদান করবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মাহবুব-উল-আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বিদ্যুৎ বিভাগ